

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৯৮

১৬/ विवाश (کتاب النکاح)

পরিচ্ছেদঃ ১৬/১২. মাহর- ৫০০ দিরহাম নির্ধারণ করা মুস্তাহাব যে অন্যের ক্ষতি করতে চায় না। এটা কুরআন শিক্ষা, লোহার আংটি ইত্যাদি অল্প মূল্যের ও বেশী মূল্যের হওয়া জায়িয।

الصداق وجواز كونه تعليم قرآن وخاتم حديد وغير ذلك من قليل وكثير واستحباب كونه خمسمائة درهم لمن لا يجحف به

আরবী

حديث سهل بن سعد السّاعِدِي أَنَّ امْرأَةً جَاءَتْ رَسُولَ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَتْ: يَا رَسُولَ اللهِ جَبْتُ لأَهْبَ لَكَ نَفْسِي، فَنَظَرَ إِلَيْهَا رَسُولُ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَعَدَ النَّظَرَ إِلَيْهَا وَصَوْبَهُ، ثُمَّ طَأْطاً رَأْسَهُ؛ فَلَمَّا رَأْت الْمَرْأَةُ أَنَّهُ لَمْ يَقْضِ فِيهَا شَيْئًا جَلَسَتْ فَقَامَ رَجُلٌ مِنْ أَصِحَابِهِ؛ فَقَالَ: يَا رَسُولَ اللهِ إِنْ لَمْ يَكُنْ لَكَ بِهَا حَاجَةٌ شَيْئًا جَلَسَتْ فَقَالَ: هَلْ عِنْدَكَ مِنْ شَيْءٍ فَقَالَ: لاَ، وَاللهِ يَا رَسُولَ اللهِ قَالَ: انْهَبْ إِلَى أَهْلِكَ فَانْظُرْ هَلْ تَجِدُ شَيْئًا فَنَهَبَ ثُمَّ رَجَعَ؛ فَقَالَ: لاَ، وَاللهِ يَا رَسُولَ اللهِ مَا وَجَدْتُ شَيْئًا فَانْظُرْ هَلْ عَنْدَكَ مِنْ شَيْءٍ فَقَالَ: لاَ، وَاللهِ يَا رَسُولَ اللهِ، مَا وَجَدْتُ شَيْئًا فَانْظُرْ وَلَوْ خَاتَمًا مِنْ حَدِيد فَذَهَبَ ثُمَّ رَجَعَ فَقَالَ: لاَ، وَاللهِ يَا رَسُولَ اللهِ، مَا وَجَدْتُ شَيْئًا فَانْظُرْ وَلَوْ خَاتَمًا مِنْ حَدِيد فَذَهَبَ ثُمَّ رَجَعَ فَقَالَ: لاَ، وَاللهِ يَا رَسُولَ اللهِ مَا وَجَدْتُ شَيْئًا مَنْ مُولَا اللهِ مَا لَهُ رَبُعَ فَقَالَ رَسُولَ اللهِ مَا وَجَدْتُ شَيْئًا وَلَا لَكَ اللهِ عَلَيْهُ وَلَا خَاتَمًا مِنْ حَدِيد، وَلَكِنْ هَذَا إِزَارِي (قَالَ سَهُلٌ مَالُهُ رِدَاءً) فَلَهَا مِنْهُ شَيْءٌ، وَإِنْ لَبِسَتْهُ لَمْ يَكُنْ عَلَيْهِ مَنْ الْقُرْآنِ قَالَ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلّمَ مُولِي اللهِ صَلَّى اللّهُ مَلَكَى اللهُ عَلَيْهِ وَسَلّمَ مُولِي اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسُلُمَ مُولِيًا فَأَمَرَ بِهِ فَدُعِي سُورَةً كَذَا وَسُورَة كَذَا عَدَّا مَنَ الْقُرْآنِ قَالَ: انْهَبُ فَقَدْ وَسُورَة كَذَا وَسُورَة كَذَا وَسُورَة كَذَا وَسُورَة كَذَا وَسُورَة كَذَا وَسُولَ الْقَرْآنِ فَالَ: أَتَقَدْ وَقُولُ اللهِ مِنَا الْقُرْآنِ وَالَا لَا لَهُ وَلَا مَا مَا مَا مَا مَا مَا مَا مَا مَا اللهُ عَلَا: انْهُ مَنَ الْقُرْآنِ قَالَ: انْهُمْ فَقَدْ مَا اللهُ مَنَ الْقُرْآنِ فَا اللهُ مِنَ الْقُرْآنِ فَا اللهِ مِنَ الْقُرْآنِ فَا اللهُ مِنَ الْقُرْآنِ فَا اللهُ مِنْ الْقُرْآنِ فَا

বাংলা

৮৯৮. সাহল ইবনু সা'দ (রাঃ) হতে বর্ণিত। একদা জনৈকা মহিলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল! আমি আমার জীবনকে আপনার জন্য দান করতে এসেছি। এরপর



নবীসাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তার দিকে তাকিয়ে তার আপাদমস্তক অবলোকন করে মাথা নিচু করলেন।
মহিলাটি যখন দেখল যে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কোন ফয়সালা দিচ্ছেন না তখন সে বসে পড়ল।
এমতাবস্থায় রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের একজন বলল, হে আল্লাহর রাসূল! যদি
আপনার কোন প্রয়োজন না থাকে, তবে এ মহিলাটির সাথে আমার শাদী দিয়ে দিন। তিনি বললেন, তোমার কাছে
কি কিছু আছে? সে বলল, হে আল্লাহর রাসূল! আল্লাহর কসম কিছুই নেই।

তিনি বললেন, তুমি তোমার পরিবার পরিজনদের কাছে ফিরে যাও এবং দেখ কিছু পাও কি-না। এরপর লোকটি চলে গেল এবং ফিরে এসে বলল, আল্লাহর কসম, হে আল্লাহর রাসূল! আমি কিছুই পেলাম না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, দেখ একটি লোহার আংটি হলেও। অতঃপর সে চলে গেল এবং ফিরে এসে বলল, আল্লাহর কসম, হে আল্লাহর রাসূল! একটি লোহার আংটিও পেলাম না; কিন্তু এই যে আমার তহবন্দ আছে। সাহল (রাঃ) বলেন, তার কোন চাদর ছিল না। অথচ লোকটি বলল, আমার তহবন্দের অর্ধেক দিতে পারি।

এ কথা শুনে রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ তহবন্দ দিয়ে কি হবে? যদি তুমি পরিধান কর, তাহলে মহিলাটির কোন আবরণ থাকবে না। আর যদি সে পরিধান করে, তোমার কোন আবরণ থাকবে না। লোকটি বসে পড়লো, অনেকক্ষণ সে বসে থাকল। এরপর উঠে দাঁড়াল। রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে ফিরে যেতে দেখে তাকে ডেকে আনলেন। যখন সে ফিরে আসল, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞেস করলেনঃ তোমার কুরআনের কতটুকু মুখস্থ আছে? সে উত্তরে বলল, অমুক অমুক সূরাহ মুখস্থ আছে। সে এমনিভাবে একে একে উল্লেখ করতে থাকল। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞেস করলেন, তুমি কি এ সকল সূরাহ মুখস্থ তিলাওয়াত করতে পার? সে উত্তর করল, হাঁ! তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, যাও, তুমি যে পরিমাণ কুরআন মুখস্থ রেখেছ, তার বিনিময়ে এ মহিলাটির তোমার সঙ্গে শাদী দিলাম।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৬ : আল-কুরআনের ফাযীলাতসমূহ, অধ্যায় ২২, হাঃ ৫০৩০; মুসলিম, পর্ব ১৬ : নিকাহ বা বিবাহ, অধ্যায় ১৩, হাঃ ১৪২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন